


নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৭. ২১৪

তারিখ: ২৬.০৪.২০১৭খ্রি:

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী নিম্নোক্ত সূচি অনুযায়ী গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন। উক্ত অনুষ্ঠানগুলো বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম ৯০.০ ও ১০৩.২ মেগাহার্জে এবং বাংলাদেশ বেতারের ওয়েব সাইট [www.betar.gov.bd](http://www.betar.gov.bd) থেকে সরাসরি সম্প্রচার হবে। অনুষ্ঠানগুলো সরাসরি সম্প্রচারের জন্য ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জ ট্রান্সমিটারটি দুপুর ১২ টায় বিরত না হয়ে ভিডিও কনফারেন্স প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

ক্রম	কর্মসূচি/প্রকল্প	তারিখ	সময়
০১.	ডিজিটাল আইল্যান্ড, মহেশখালী শীর্ষক প্রকল্প	২৭/০৪/২০১৭	সকাল ১১টা
০২.	চট্টগ্রাম বন্দরের ১৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত পোর্ট এক্সপো এর উদ্বোধন	২৭/০৪/২০১৭	দুপুর ১২ টা

- ২। অনুষ্ঠান দুটির সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস অনুবিভাগ-এর সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
- ৩। বর্ণিত অনুষ্ঠানসমূহ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র ছকে বর্ণিত তারিখে গণভবন থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা বহন করবেন।
- ৪। ভিডিও কনফারেন্স প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান ৮১৯ কি.হার্জে, ১১৭০কি.হার্জে ও এফ.এম ১০৬.০ মে.হার্জে প্রচার হবে এবং সকাল ১১টার সংবাদ, আবহাওয়াবার্তা ৮১৯ কিলোহার্জে, ১১৭০ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
- ৫। অনুষ্ঠানগুলো সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৬। ভিডিও কনফারেন্স সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন-সকল প্রকার প্রকৌশল ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৭। উক্ত অনুষ্ঠানগুলো সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা অনুষ্ঠান সম্প্রচারের সাথে সম্পর্কিত কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ প্রত্যেকটি অনুষ্ঠান প্রচারের পূর্বে প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানগুলো যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তাশাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
- ৮। অনুষ্ঠানগুলো সম্প্রচারের সময় ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।
- ৯। উল্লিখিত অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ, সম্প্রচার বুথে উপস্থিতি থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
- ১০। অনুষ্ঠানগুলোর ওপর রিপোর্টিং সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১১। পরিচালক, লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১২। বর্ণিত তারিখে অনুষ্ঠানগুলো শুরুর ২ ঘন্টা পূর্বে বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

  
(কামাল আহমেদ)  
পরিচালক, বহির্বিষয় কার্যক্রম  
ও  
পরিচালক, অনুষ্ঠান (দায়িত্বে)  
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ/বহির্বিষয় কার্যক্রম, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। আঞ্চলিক প্রকৌশলী/স্টেশন প্রকৌশলী, পুরাতন প্রচার ভবন/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
- ৩। মহাপরিচালকের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, শাহবাগ, ঢাকা।